भारतीय गैर न्यायिक

INDIA NON JUDICIAL

RUPEES 25000 रुपये

पच्चीस हजार रुपये

03DD 025464

Admissible under rule 21 and ...
U/S 5 (1) of the W. B. L. R. & ...
Act. 19... duly ... fixed Exempt
from d... for require stamp duty
under the Indian Stamp Act
...899 Schedule I. A. No. ...
Fees Paid ...

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

24/06/05

।। মং ৬,২৫,০০০ ছয় লক্ষ পঁচিশ হাজার টাকা পণের ।।

সাফ বিক্রয় কোবালা দলিল

ক্রেতা ঃ –

১। শ্রী স্বপন বাগুই ২। শ্রী কাজল বাগুই, উভয়ের পিতা - শ্রী বিশ্বনাথ বাগুই, সাং - বাগজেলা ঘোষপাড়া, দমদম রোড পুলিশ ফাঁড়ি, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা।

বিক্রেতা ঃ –

শ্রীমতী নারায়নী রায়, স্বামী - শ্রী সুরেশ রায়, সাং - বড়ালঘাট, পোষ্ট - নবদ্বীপ, জেলা - নদীয়া, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী।

A125
24.6.05

5723

Swapan Bagui & others

Bagjola Ghosh para

Dum Dum, Cal-74.

Kolkata Collectorate,
Treasury

Dated 1/6/ 2005

Treasurer

13th Jun

Narayani Ray

2000/-

2500/-

50,000

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005

Narayani Ray

8053

Narayani Ray

Narayani Ray.
S/O- Suresh Ray
Baraighat
P.O. Nabadwip
Nadia

Gautam Mondal
Son of Late Biswanath Mondal
B.F - 134 Rani Avenue
Cal - 154

Goutam Mondal
S/O- B. Mondal
BF-134 Rabindranath ...
Kol-101

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005




03DD 025465

। ২ ।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিম্ন তপশীলে বর্ণিত জমির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে —

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও অতিরিক্ত জেলা সাবরেজিষ্ট্রী অফিস বিধাননগর সামিল কলিকাতা পরগণার অন্তর্গত গ্রাম পঞ্চায়েত এলাকাধীন মৌজা কৃষ্ণপুর গ্রামে ২২৮। ২২৯ নং তৌজির হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটর বাহাদুরের অধিকারে রায়ত স্থিতিবান স্বত্বীয় সাবেক ৭২৯ হাল ১৫৫৫ নং খতিয়ান ভুক্ত ৭০ শতক জমি বার্ষিক ৬ টাকা ৬ আনা জমার মধ্যে ৫৩৭৮ নং দাগের ৭০ শতক জমির মধ্যে হাল ২৪ শতক জমি সহ অপরাপর সম্পত্তি যাহা শরৎ চন্দ্র নস্কর মহাশয় কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের বিগত ইংরাজী ০৭। ০৫। ১৯৬৮ তারিখে ১ নং বহির ২৭ নং ভল্যুমের ২৯১ নং হইতে ২৯৩ নং পাতায় নকলকৃত ১৯০৪ নং কোবালা দ্বারা কৃষ্ণপদ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খরিদ সূত্রে উক্ত সম্পত্তির মালিক দখলিকার হইয়া খাসে ভোগদখল করিতে থাকাকালীন তাঁহার দুই কন্যা গণকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া লোকান্তরিত হইলেপর উক্ত কন্যা দ্বয় তৎত্যাক্ত সম্পত্তি সমূহ পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রত্যেকে সম অংশ রূপে প্রাপ্ত হইয়া খাসে খাজনাদি আদায়ে ভোগদখল করন কালীন এক কন্যা সিদ্ধেশ্বরী রায় মহাশয়া দুই পুত্র শক্তিধর রায় ও অরুন কুমার রায় দ্বয়কে পুত্র বিধায় ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া লোকান্তরিত হইলেপর মাতার ওয়ারেশ সূত্রে উক্ত শক্তিধর রায় ও অরুন কুমার রায় দ্বয় অর্দ্ধাংশের সম্পত্তি প্রাপ্ত হইয়া করাদি আদায়ে

Narayan Ray

Sl. No. 5723

Sold to Swapan Bagui & others

of Baguiati Ghoshpara

Kolkata - 700 059 (?)

Kolkata Collectorate,
Treasury

Treasurer

Dated 1/6/2005

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005

এযাবৎকাল খাসে ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত থাকাকালে আমি অত্র বিক্রেতা আমাকে উক্ত জমি মধ্যে সাবেক ৭২৯ হাল ১৫৫৫ নং খতিয়ানে সাবেক ৫৩৭৮ হাল ৩৮৩৮ নং দাগে ৪ - ০ - ০ চারি কাঠা জমি ও কমন প্যাসেজ মায় ইজমেন্ট রাইট স্বত্ত্বাধিকার মালিক নিযুক্ত আছি। উক্ত জমি আমার বিক্রয় করিবার স্বত্ত্বাধিকার বর্তমান আছে।

এক্ষনে আমাদের নানবিধ কারণ বশতঃ নগদ টাকার আবশ্যকে নিম্ন তপশীলে বর্ণিত ৪ - ০ - ০ চার কাঠা জমি মায় দরবস্তু হক হকুক সম্পত্তি বর্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা ৬,২৫,০০০ ছয় লক্ষ পঁচিশ হাজার টাকা পণে অত্র কোবালায় সাফ বিক্রয় করিয়া বিক্রিত সম্পত্তি হইতে এককালীন চিরনিঃস্বত্ত্ব ও দখল চ্যুত হইলাম এবং খাস দখল দিয়া দিলাম। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় নির্ব্যূঢ় স্বত্ত্বে স্বত্ত্ববান ভোগবান ও দখলিকার হইয়া নিজ নাম পত্তণে দান বিক্রয় হস্তান্তরাদি করিবার ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশ স্থলবর্তিগন ক্রমে পরম সুখে যদৃচ্ছা ব্যবহারে ভোগদখল করিতে থাকুন। কস্মিন কালে বিক্রিত সম্পত্তিতে আমার কিংবা আমাদের ওয়ারিশ স্থলবর্তি গনক্রমে কেহ কোন প্রকার দাবি দাওয়া কিংবা ওজরাপত্তি করি বা করে তাহা অত্র কোবালার বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল নামাঞ্জুর ও অগ্রাহ্য হইবে। কোবালাভুক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব স্বামিত্ব সংশ্রব লভ্য হক হকিয়ত ও অধিকারাদি ছিল বা আছে তৎসমস্ত অদ্য আমাদের হইতে রদ ও রহিত হইয়া আপনাতে বর্তিল ।

কোবালাভুক্ত সম্পত্তি আমরা ইতিপূর্বে কোন প্রকার দায় সংযোগাদি বা হস্তান্তরাদি করিয়া রাখি নাই বা উহা কাহারও বেনামদার নহে বা উহা কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কতৃক কোন নোটিস জারি হয় নাই বা উহা কোন প্রকার ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশান - এর অন্তর্ভুক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমাদের খাস দখলে আছে তদবস্থায় আপনার নিকট অত্র কোবালায় সাফ বিক্রয় করিলাম । ভবিষ্যতে

Addl. District Sub-Registrar

13 JUN 2005

Narayani Ray

কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইলে বা কোন প্রকার ক্ষতি হইলে বা বিঘ্ন ঘটিলে আপনাদের যাবতীয় ক্ষতিপূরণ করিতে বাধ্য থাকিলাম।

অত্র দলিলে লেখার ভুল বা ছাড় প্রকাশ থাকিলে তাহা বিনা পনে ও বিনা ওজরে অত্র দলিলের পোষকতায় ভ্রম সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলীলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের লিখিত ৬,২৫,০০০ ছয় লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম।
ইতি সন বাংলা ১৪১২ সালের ২৯শে জ্যৈষ্ঠ ইংরাজী ২০০৫ সালের ১৩ই জুন/=

## ।। তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ।।

Narayani Ray

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, অতিরিক্ত জেলা সাবরেজিষ্ট্রী অফিস বিধাননগর সামিল কলিকাতা পরগণার মৌজা কৃষ্ণপুর গ্রামে জে. এল. ১৭, রে. সা. ১৮০, তৌজি ২২৮। ২২৯ নং ভুক্ত হাল মালিক জেলা ২৪ পরগণার মহামান্য কালেকটর বাহাদুরের অধিকারে হাল রায়ত দখলি স্বত্ত্ব বিশিষ্ট সাবেক ৭২৯ হাল ১৫৫৫ নং খতিয়ান ভুক্ত জমি জমার মধ্যে —

দাগ নং ৫৩৭৮ তিপ্পান্ন শত আটাত্তর নং হাল ৩৮৩৮ নং দাগে ভুক্ত শালী ৭০ শতক জমির মধ্যে ২৪ শতক জমি হইতে অর্দ্ধাংশে ১২ শতক জমি উহার মধ্যে আমার ক্রয় করা অত্র সংলগ্ন নকসায় লাল রেখার দ্বারা সীমাঙ্কিত চিহ্নিত নিৰ্দ্দিষ্ট ০৪ চারি কাঠা ০ছটাক জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট আকর আওলাতাদি ও চলাচলের রাস্তার যাবতীয় বর্ত্তস্বত্ত্বাদি সমেত বার্ষিক হারাহারী মতে .৬১ পয়সা খাজনা মাত্র অত্র দলিলে বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র সহ নকসা অত্র দলিলের অংশ বলিয়া গণ্য হইবে। বিক্রীত জমি রাজারহাট গোপালপুর পৌরসভার এলাকাভুক্ত।

Addl. District Sub-Registrar
Lake

13 JUN 2006

Narayani Ray

## ।। যাহার চৌহদ্দি ।।

উত্তরে ঃ — ।। ৮ ফুট চওড়া কমন প্যাসেজ।।

পূর্ব্বে ঃ — ।। ইউনিয়ন বোর্ডের রাস্তা।। Municipal Road.

দক্ষিণ ঃ — ।। হাল দাগ নং ৩৮৩৮।।

পশ্চিমে ঃ — ।। অত্র দাগের 'এ' প্লট ভুক্ত জমি।।

## ।। টাকার জায় ।।

রিঃ ব্যাঃ নোট ১০০ হিসাবে ৬২৫০ কেতায় ৬,২৫,০০০ ছয় লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

Narayani Ray

ইসাদি ——

মুসাবিদাকারক ঃ —
সেখ আলাউদ্দিন আহম্মদ
সাং - ধাড়সা, রাজারহাট
লাইসেন্স নং - XVI - 10


টাইপকারক ঃ —
অনুপ মুখার্জ্জী
ভাতেণ্ডা, রাজারহাট
উত্তর ২৪ পরগণা

Narayani Ray

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005

… OF LAND AT MOUZA KRISHNAPUR; J.L. NO - 17; R.S. NO - 180; TOUJI NO - 228/229;
… KHATIAN NO - 1555; UNDER - P.S. RAJARHAT; R.S. DAG NO - 3838; WARD NO - 16;
… RAJARHAT - GOPALPUR MUNICIPALITY; DIST - NORTH 24 PARGANAS; SCALE = 1" = 20'-0"
SOLD TO - PL-NO - B 1. SWAPAN BAGUI; 2. KAJAL BAGUI; AREA - 4K-0d.
SOLD BY :- SMT - NARAYANI ROY;
" TO :- A1 - 1. AJIT SINHA; 2. BISWAJIT SINHA -
" " " - A - 1. PRASHANTA MONDAL 2. GOUTAM MONDAL
" " BY :- 1. SMT. SHIPRA DHAR; 2. SMT. KANA DHAR; 3. BIMAL DHAR;




Narayani Ray

DRAWN BY

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

13 JUN 2005

...HE
.../
...SELLER/
...AIMENT
...PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS



LH.

RH.



Swapan Bagui


Swapan Bagui

ATTESTED :-



LH.

RH.



Kajal Bagui

ATTESTED :- Kajal Bagui



LH.

RH.



Narayani Ray

ATTESTED :- Narayani Ray

UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

14-3 JUN 2005

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
12.8.2005

1
241
110 119
03961
2005